দৈনিক খবর

তারিখ ... 17 SEP 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

০৫

# জাতীয় গ্রন্থ কেন্দ্রের সাথে সহযোগিতা না করার সিদ্ধান্ত

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি বিপুল পরিমাণ বকেয়া বিল পরিশোধ না করায় সরকার পরিচালিত জাতীয় গ্রন্থ কেন্দ্রের সাথে অসহযোগিতার সিদ্ধান্ত নিয়েছে। খবর বাসস'র।

সমিতির সাহিত্য বিষয়ক স্থায়ী কমিটির এক সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। কমিটির সভাপতি হামিদুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

প্রায় ৫০ লাখ টাকা বকেয়া বিল

২ এর পাতায় দেখুন

## জাতীয় গ্রন্থ কেন্দ্রের

প্রথম পৃষ্ঠার পর

অবিলম্বে পরিশোধের জন্য সমিতি ইতিমধ্যেই জাতীয় গ্রন্থ কেন্দ্রের কাছে নোটিশ পাঠিয়েছে। কয়েক বছরের এ বিল জমা হয়েছে। স্থায়ী কমিটির সেক্রেটারী ওসমান গণি বলেন যে, আগামী ১০ দিনের মধ্যে বকেয়া পরিশোধের নিশ্চয়তা প্রদানে জাতীয় গ্রন্থ কেন্দ্র ব্যর্থ হলে সমিতি কেন্দ্রে বই সরবরাহ বন্ধ কিংবা অন্যান্য কঠোর পদক্ষেপ নিতে পারে।

প্রকাশিত হবে বলেও তিনি জানান।